



নং-০৫.৮৬.০০০০.০১২.০৭.০৬৩.২২-৮৯

০৫ আশ্বিন ১৪২৯
তারিখঃ-----
২৯ সেপ্টেম্বর ২০২২

“কোটেশন বিজ্ঞপ্তি”

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরধীন বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিসের সরকারি কাজে ব্যবহারের জন্য নিম্নবর্ণিত আসবাবপত্র ক্রয়/সংগ্রহের লক্ষে প্রকৃত প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র আগামী ২৭/০৯/২০২২খ্রি. তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে রক্ষিত টেন্ডার বাস্তবে দাখিল করতে হবে এবং একই দিন বেলা ০৩.০০ ঘটিকার উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।

ক্রঃ নং	কাজের বিবরণ	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য
০১।	৮'x১০'x ১.৫" সাইজের একটি উন্নতমানের কাঠের র্যাক তৈরি (১৮মিলিঃ বার্মাটিক বোর্ডের কাভার, ভিতরের সকল তাক/খোপ ১৮মিলিঃ গর্জন বোর্ড এবং র্যাকের ঠিক মাঝ বরাবর সম্মুখ অংশে গ্লাসের কাভারসহ)।	০১টি		
০২।	কাঠের কেবিনেট (৬'x২.৫'x ১.৫") সাইজের উন্নতমানের কাঠের তৈরি।	০৬ টি		
০৩।	স্টিলের ফাইল কেবিনেট (৫' x ৩' x ২২") ১৮ গেজি স্টিল সীটের তৈরী।	০১টি		
০৪।	কম্পিউটার চেয়ার (উন্নতমানের)	০৫টি		

“কোটেশন শর্তাবলী”

- প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে কোটেশন দাখিল করতে হবে এবং প্রতিষ্ঠানের বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট নিবন্ধন সনদ, আয়কর সনদ, জাতীয় পরিচয়পত্র এবং ব্যাংক সলভেন্সি সনদের হালনাগাদ কপি কোটেশনের সাথে দাখিল করতে হবে।
- কোটেশনে পণ্যের একক দর ও মোট দর অংকে এবং কথায় উল্লেখ করতে হবে।
- কার্যাদেশ জারির ৭ (সাত) দিনের মধ্যে কাজ সম্পন্ন করতে হবে।
- সরবরাহকৃত মালামালের কোন প্রকার ত্রুটি পরিলক্ষিত হলে বা কার্যকারিতা সন্তোষজনক প্রমাণিত না হলে সরবরাহকারী ফার্ম বিনামূল্যে পুনরায় প্রতিস্থাপন করে দিতে বাধ্য থাকবেন।
- কোটেশনে কোন প্রকার কাটা-ছেড়া/ঘষা-মাজা/ফুইড দিয়ে ঢাকা/ উপর্যুপরি লেখা গ্রহণযোগ্য বিবেচিত হবে না।
- কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন কিংবা সকল কোটেশন গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- উক্ত কাজের ব্যয় এ কার্যালয়ের ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেটের সাংবিধানিক কোড নং-১০৭০৪০২১০১৩৫০-৪১১২৩১৪-“আসবাবপত্র” খাত হতে পরিশোধযোগ্য।
- উক্ত কাজের উপর সরকারি বিধি মোতাবেক প্রদেয় আয়কর ও ভ্যাট সরবরাহকারী প্রতিষ্ঠানকে বহন করতে হবে।
- শর্তযুক্ত দরপত্র গ্রহণযোগ্য বিবেচিত হবে না।
- উক্ত কাজ শেষে ০৩ (তিন) কপি করে ডেলিভারী চালান ও বিল এ কার্যালয়ে জমা দিতে হবে।
- কর্তৃপক্ষ সর্বনিম্ন দর গ্রহণ করতে বাধ্য নহেন। কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- উল্লিখিত শর্তাদি ছাড়াও এতদসংক্রান্ত বিষয়ে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এবং সরকারের এ সংক্রান্ত বিধি-বিধানসহ স্বার্থ সংশ্লিষ্ট যে কোন শর্ত প্রযোজ্য হবে।

হাছিনা বেগম

উপপরিচালক (উপসচিব)
ফোন-৫৫০৩০০২২।

বিতরণ :

- মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮ (সদয় অবগতির জন্য)।
- বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
- উপপরিচালক, বিজি প্রেস/জি পি প্রেস/বাংলাদেশ স্টেশনারী অফিস/বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
- চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা-১০০০।
- সহকারী পরিচালক (প্রশাঃ-২) মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮।
- জনাব মোঃ সুলতান আহমেদ, দপ্তরী, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা-কে বর্ণিত কোটেশন বিজ্ঞপ্তি বাংলাদেশ সচিবালয়ের গেটে রক্ষিত নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য নির্দেশ প্রদান করা হল।
- নোটিশ বোর্ড, অত্র অফিস।

নোটিশ বোর্ডে
প্রদর্শনের অনুরোধসহ